গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-১৭ তারিখঃ ১০.০১.২০২১ খ্রিঃ

অফিস আদেশ

মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় ঔষধাগারের মাধ্যমে অর্থায়নের উৎস নির্বিশেষে (রাজস্ব/উন্নয়ন/অনুদান) দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল, জেলা/জেনারেল হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য এম.এস.আর সামগ্রী, মেডিকেল ইকুইপমেন্ট, যানবাহন, নন মেডিকেল এপ্লায়েন্সেস ও অন্যান্য ক্রয় কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সিএমএসডির ০৭/০৬/২০২০ তারিখের সিএমএসডি/প্রশাসন/২০১৯-২০২০/৬০০৫ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখার ২৯.০৭.২০২০ তারিখের ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-৬২৩ স্মারকে গঠিত নিম্নলিখিত কমিটিসমূহ নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

(ক) টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি-২ (মেডিকেল ইকুইপমেন্ট (এসআর তালিকা বহির্ভূত) ও যানবাহন):

(১) অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ -সভাপতি
(২) পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর -সদস্য
(৩) সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট, ঢাকা মহানগরে অবস্থিত যে কোন সরকারি মেডিকেল কলেজ হাসপাতালের সংশ্লিষ্ট বিষয়ের প্রতিনিধি -সদস্য
(৪) সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট, ঢাকা মহানগরে অবস্থিত যে কোন সরকারি মেডিকেল কলেজ হাসপাতালের সংশ্লিষ্ট বিষয়ের প্রতিনিধি -সদস্য
(৫) বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ার, সিএমএসডি -সদস্য
(৬) চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি -সদস্য
(৭) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর -সদস্য
(৮) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর (অপারেশন প্ল্যানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে) -সদস্য
(৯) চেয়ারম্যান, বিআরটিএ মনোনীত প্রতিনিধি (কেবলমাত্র যানবাহন ক্রয়ের ক্ষেত্রে) -সদস্য
(১০) সংশ্লিষ্ট মেডিকেল যন্ত্রপাতি ব্যবহার সংশ্লিষ্ট একজন বিশেষজ্ঞ (স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত) -সদস্য
(১১) পরিচালক, সিএমএসডি -সদস্য সচিব

কমিটির কর্মপরিধি:

(১) কমিটি ক্রয়ের জন্য নির্ধারিত মেডিকেল ইকুইপমেন্ট (এসআর তালিকা বহির্ভূত) ও যানবাহনের স্পেসিফিকেশন প্রস্তুত করে প্রতি পাতায় স্বাক্ষরপূর্বক ক্রয়কারীর নিকট দাখিল করবে।
(২) কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।
(৩) ক্রয়ের জন্য নির্ধারিত আইটেমের কর্মক্ষমতার শর্ত, বৈদ্যুতিক শর্ত, আনুষঙ্গিক উপকরণ, বিশেষ নিরাপত্তা বৈশিষ্ট্য (বৈদ্যুতিক), সার্ভিস টুলস, ম্যানুয়ালস এন্ড ড্রইংস-এর উল্লেখ থাকতে হবে।
(৪) ওয়ারেন্টি, উৎপাদক কোম্পানীর অথরাইজেশন, মান নিয়ন্ত্রণ সনদপত্র সংযুক্ত করতে হবে।
(৫) যন্ত্রপাতি স্থাপন, স্ট্যার্টআপ ও ভ্যালিডেশন, প্রাথমিক সার্ভিস, ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণের প্রশিক্ষণসহ (স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর নির্দেশনাসহ) সেবা অব্যাহত রাখার বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।
(৬) সংশ্লিষ্ট উপকরণ সম্পর্কিত অন্যান্য প্রযোজ্য শর্তসমূহ অনুসরণ করতে হবে।
(৭) প্রি-বিড সভার সুপারিশ অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রণীত স্পেসিফিকেশন সংশোধন করবে।
(৮) একক মূল্য ২ (দুই) কোটি টাকার উর্ধ্বে হলে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের শর্ত অন্তর্ভুক্ত করতে হবে।
(৯) ওয়ারেন্টি পিরিওড শেষ হওয়ার পর খুচরা যন্ত্রাংশের নিশ্চয়তাসহ কম্প্রিহেনসিভ মেইনটেন্যান্স কন্ট্রাক্ট (সিএমসি) এর শর্তসমূহ বা কার্যকারিতার সময়কাল ও প্রযোজ্য দর নির্ধারণ করতে হবে।
(১০) এফডিএ/জেএসআই/সিই (ইউরোপীয়ান ইউনিয়নের অরজিন) সনদপত্র সংযুক্ত করতে হবে।
(১১) নতুন ব্রান্ড আইটেম (প্রমাণকসহ) এর সনদপত্র সংযুক্ত করতে হবে।
(১২) পূর্বানুমোদন ব্যতীত বিশেষ ক্ষেত্রে তৃতীয় পক্ষকে শিপমেন্টের অনুমতি প্রদান করা যাবে না।

(খ) দরপত্র মূল্যায়ন কমিটি-২ (২০ কোটি টাকা পর্যন্ত মেডিকেল যন্ত্রপাতি ও যানবাহন ক্রয়):

(১) পরিচালক, সিএমএসডি -সভাপতি
(২) পরিচালক, প্রশাসন, স্বাস্থ্য অধিদপ্তর -সদস্য
(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ -সদস্য
(৪) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্ল্যানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে) -সদস্য
(৫) গণপূর্ত অধিদপ্তর (ঢাকা ডিভিশন -৩ এর অধীনস্ত তেজগাঁও, সাব ডিভিশন), মনোনীত ক্রয় কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিনিধি -সদস্য
(৬) বাংলাদেশ ইনডাস্ট্রিয়াল টেকনিক্যাল এ্যাসিসটেন্ট সেন্টার (বিআইটেক) তেজগাঁও, মনোনীত প্রতিনিধি -সদস্য
(৭) উপপরিচালক, সিএমএসডি -সদস্য সচিব

কর্মপরিধি: কমিটি পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট হতে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইকরণ, তুলনামূলক বিবরণী প্রণয়ন, মূল্যায়ন ও ক্রয় সংক্রান্ত প্রস্তাবের সুপারিশ প্রণয়ন করবে। প্রযোজ্য ক্ষেত্রে এ কমিটি উপযুক্ত প্রতিনিধির সমন্বয়ে কারিগরি মূল্যায়ন ও আর্থিক মূল্যায়ন উপকমিটি গঠন করবে। প্রণীত ক্রয় প্রস্তাবের প্রতি পাতায় স্বাক্ষরান্তে ক্রয়কারী বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবে। কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(গ) দরপত্র মূল্যায়ন কমিটি-৩ (২০ কোটি টাকা পর্যন্ত এম.এস.আর সামগ্রী, নন মেডিকেল এ্যাপ্লায়েন্সেস ও অন্যান্য ক্রয়):

(১)	পরিচালক, সিএমএসডি	-সভাপতি
(২)	পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর	-সদস্য
(৩)	উপসচিব/সিনিয়র সহকারী সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ	-সদস্য
(৪)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্ল্যানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	-সদস্য
(৫)	গণপূর্ত অধিদপ্তর (ঢাকা ডিভিশন -৩ এর অধীনস্ত তেজগাঁও, সাব ডিভিশন), মনোনীত ক্রয় কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিনিধি	-সদস্য
(৬)	বাংলাদেশ ইনডাস্ট্রিয়াল টেকনিক্যাল এ্যাসিসটেন্ট সেন্টার (বিআইটেক) তেজগাঁও, মনোনীত প্রতিনিধি	-সদস্য
(৭)	উপপরিচালক (পিএন্ডসি), সিএমএসডি	-সদস্য সচিব

কর্মপরিধি: কমিটি পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট হতে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইকরণ, তুলনামূলক বিবরণী প্রণয়ন, মূল্যায়ন ও ক্রয় সংক্রান্ত প্রস্তাবের সুপারিশ প্রণয়ন করবে। প্রযোজ্য ক্ষেত্রে এ কমিটি উপযুক্ত প্রতিনিধির সমন্বয়ে কারিগরি মূল্যায়ন ও আর্থিক মূল্যায়ন উপকমিটি গঠন করবে। প্রণীত ক্রয় প্রস্তাবের প্রতি পাতায় স্বাক্ষরান্তে ক্রয়কারী বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবে। কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

০২। এ আদেশ দ্বারা স্বাস্থ্য সেবা বিভাগের গত ২৯/০৭/২০২০ তারিখে ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-৬২৩ নং স্মারকের আদেশটি এবং ১৬/০১/২০১৮ তারিখে ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-৩৬ নং স্মারকের 'ছ' নং ক্রমিকের দরপত্র মূল্যায়ন কমিটি-২ (২০ কোটি টাকা পর্যন্ত মেডিকেল যন্ত্রপাতি ও যানবাহন ক্রয়) এবং 'জ' নং ক্রমিকের দরপত্র মূল্যায়ন কমিটি-৩ (২০ কোটি টাকা পর্যন্ত এম.এস.আর সামগ্রী, নন মেডিকেল এ্যাপ্লায়েন্সেস ও অন্যান্য ক্রয়) কমিটি বাতিল করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

20/01/2021

ড. বিলকিস বেগম
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-১৭/(৮)

তারিখঃ ১০.০১.২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন/হাসপাতাল ও ক্লিনিকসমূহ/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ই-মেইলে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।

20/01/2021

ড. বিলকিস বেগম
উপসচিব